গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১. সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
E-mail:dg@dnc.gov.bd,Websit: www.dnc.gov.bd

স্মারক নং-৫৮.০২.০০০০.০০৮.১৮.০১.১৯- ২৭০ তারিখঃ ৩১/১০/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্রের লাইসেন্স প্রদান সংশ্লিষ্ট কাগজপত্রাদির যাচাই সংক্রান্ত চেকলিস্ট প্রণয়নপূর্বক প্রেরণ।**

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর স্মারক নং-১৬৩, তারিখঃ ১২/০৬/২০২২

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র পরিচালনার লাইসেন্স প্রদান সহজীকরণের লক্ষ্যে সূত্রোল্লিখিত পত্রে প্রেরিত চেকলিস্টটি সামান্য পরিবর্তন করে ক্রমিক নং-৬ এ "সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের মতামত" এবং ক্রমিক নং-৭ এ "প্রতিষ্ঠানটিতে নাইট ভিশন সিসি ক্যামেরা আছে কিনা" সংযোজন করা হয়েছে।

এমতাবস্থায়, নতুন বেসরকারি মাদকাসক্তি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্রের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে এসাথে সংযুক্ত চেকলিস্ট অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তঃ সংশোধিত চেকলিস্ট ০২ (দুই) পাতা।**

৩১.১০.২০২২
(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-৪৮৩২২১৯৬

**বিতরণ:**

১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

২। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (সংশোধিত চেকলিস্টটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। উপ পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রোঃ/জেলা কার্যালয়......................

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। অফিস কপি/মাস্টার ফাইল।

e/saiful/Letter-Misc

**.রকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের লাইসেন্স প্রদান সংশ্লিষ্ট কাগজপত্রাদির যাচাই সংক্রান্ত সংশোধিত চেকলিস্ট**

| ক্রমিক নং | প্রয়োজনীয় কাগজপত্রাদির বিবরণ | আছে/নেই | সংযুক্তির পৃষ্ঠা নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বিধি অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন(স্বাক্ষরকারীর নাম ও পদবীসহ স্বাক্ষর) | | | |
| ২. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ১৪ ধারা মোতাবেক পুলিশ প্রতিবেদন/তদন্তকারী কর্মকর্তার বিশেষ প্রতিবেদন। | | | |
| ৩. | যে ভবনে প্রতিষ্ঠানটি অবস্থিত তার মালিকানার স্বপক্ষে কাগজপত্রঃ<br>(ক) মালিক হলে মূল দলিলের সার্টিফাইড কপি অথবা ভাড়া বাড়িতে হলে চুক্তিপত্রের উভয় পৃষ্ঠার ফটোকপি। | | | |
| ৪. | হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র | | | |
| ৫. | হালনাগাদ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লাইসেন্স এর সনদপত্র | | | |
| ৬. | **সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের মতামত** | | | |
| ৭. | **প্রতিষ্ঠানটিতে পুরো কেন্দ্রের কাভারেজসহ নাইট ভিশন সিসি ক্যামেরা আছে কিনা?** | | | |
| ৮. | সংশ্লিষ্ট বিধিমালার ৪(১) এর শর্তাবলী প্রতিপালিত হয়েছে কিনা? বিষয়সমূহের একটি পৃথক বিবরণ সংযুক্ত করতে হবে (পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)। | হ্যাঁ/না | | |
| ৯. | বেড সংখ্যা | | | |
| ১০. | ক) সার্বক্ষণিক ডাক্তার এর সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ১ (এক)জন ডাক্তার) | | | |
| | খ) সার্বক্ষণিক ডাক্তার/ডাক্তারদের বিএমডিসি কর্তৃক প্রদত্ত রেজিঃ সনদ | | | |
| | গ)সার্বক্ষণিক ডাক্তার/ডাক্তারদের যোগদানপত্রের অনুলিপি | | | |
| ১১. | ক) মনোচিকিৎসক/সাইকোলজিস্ট এর সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ১ (এক) জন মনোচিকিৎসক/সাইকোলজিস্ট, সার্বক্ষণিক/ খন্ডকালীন) | | | |
| | খ) মনোচিকিৎসক এর বিএমডিসি কর্তৃক প্রদত্ত রেজিঃ সনদ ও সাইকিয়াট্রিক সনদ/ সাইকোলজিস্ট এর শিক্ষাগত যোগ্যতার সনদ | | | |
| | গ) মনোচিকিৎসক/সাইকোলজিস্ট এর যোগদানপত্রের অনুলিপি | | | |
| ১২. | নারস/ওয়ার্ড বয়<br>ক) সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ২ (দুই) জন প্রশিক্ষণ প্রাপ্ত নার্স/ ওয়ার্ডবয়) | | | |
| | খ) শিক্ষাগত যোগ্যতার সনদ ও প্রশিক্ষণ সনদ | | | |
| | গ) যোগদানপত্র | | | |
| ১৩. | পরিচ্ছন্নতা কর্মী এর<br>ক) সংখ্যা (প্রতি ৩০ বেডের জন্য ১ (এক) জন) | | | |
| | খ) যোগদানপত্র | | | |
| ১৪. | আবেদনকৃত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ভিতর ও বাহিরের ছবি (সর্বনিম্ন ০৫টি ছবি)। | | | |
| ১৫. | আবেদনের সাথে রোগীদের জন্য ডিএনসি কর্তৃক অনুমোদিত ডায়েট চার্ট। | | | |
| ১৬. | সার্বিক মন্তব্যঃ | | | |

# পরিশিষ্ট-১
## তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় ছক

| | | |
|---|---|---|
| ৮. | সংশ্লিষ্ট বিধিমালার ৪(১) এর নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালিত হয়েছে কিনা?বিবরণ সংযুক্ত করতে হবে। | |
| | (ক) ১) সুরক্ষিত পাকা বাড়িসহ আবাসিক বা অনাবাসিক এলাকায় কেন্দ্র অবস্থিত এবং কেন্দ্রে পর্যাপ্ত আলো বাতাসের সুবিধাসহ নিরিবিলি আছে কি না?<br>২) নূন্যতম প্রতি কেন্দ্রে একজন মাদকাসক্ত রোগীর জন্য কমন স্পেসসহ এর জন্য ৮০ (আশি) বর্গফুট জায়গা রয়েছে কি না? | এই সকল বিষয়ে একটি পৃথক প্রতিবেদন যুক্ত করতে হবে। |
| | (খ) ১) ভবনটি কয়তলা বিশিষ্ট এবং উহার কোন কোন তলা প্রস্তাবিত কাজে ব্যবহৃত হচ্ছে;<br>২) কেন্দ্রটি বহুতল ভবনের পঞ্চম বা তদূর্ধ্ব তলায় অবস্থিত হইলে গমনাগমনের জন্য লিফটের ব্যবস্থা রয়েছে কি না? | |
| | (গ) টয়লেট, বাথরুম এর সংখ্যা ও তা বিধিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা? (প্রতি ১০ (দশ) বেডের জন্য ১ টি) | |
| | (ঘ) ১) বিধিমালার ফরম গ- অনুযায়ী জীবনরক্ষাকারী ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি উপকরণাদি আছে কিনা?<br>২) রোগীর কেস হিস্ট্রিসহ যাবতীয় তথ্য সংরক্ষণে আধুনিক সুবিধা আছে কি না?<br>৩) এ্যাফিলিয়েটেড ডায়াগনষ্টিক সেন্টার/প্যাথলজিক্যাল ল্যাব এর সাথে চুক্তিপত্র রয়েছে কি না ? | |
| | (ঙ) ১) কেন্দ্রে উপযুক্ত পরামর্শের (একক বা দলগত) ব্যবস্থা থাকিতে হইবে। (অনুর্ধ্ব ২০ (বিশ) জনের ১ টি ক্লাস রুম থাকতে হবে)<br>২) রোগীদের মানসিক বিনোদনের জন্য অভ্যন্তরীণ খেলাধুলার ব্যবস্থা, পত্রিকা, টেলিভিশন ইত্যাদির সুবিধা আছে কিনা;<br>৩) রোগীদের কাউন্সেলিং এর জন্য ক্লাসরুম এর ব্যবস্থা আছে কিনা (অনুর্ধ্ব ২০ (বিশ) জনের ১ টি ক্লাস রুম থাকতে হবে) | |
| | (চ) কেন্দ্রটিতে চিকিৎসার জন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করা হয় কিনা? ব্যবহার করা হলে এর উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স আছে কি না ?; | |
| | (ছ) (১) একই কেন্দ্রে শিশু মহিলা ও পুরুষের জন্য স্বতন্ত্র ব্যবস্থাপনা আছে কি না ?<br>২) মহিলাদের জন্য সার্বক্ষণিক মহিলা স্টাফ, মহিলা ডাক্তার ও মহিলা কাউন্সেলর আছে কি না ?<br>৩) মাদকাসক্ত মহিলাদের নিরাময় কেন্দ্রে ভর্তির পূর্বে প্রেগনেন্সি টেস্ট এর ব্যবস্থা রয়েছে কি না ?<br>(জ) ক) মহিলা মাদকাসক্ত রোগীদের ওয়ার্ডে প্রবেশমুখে সিসি ক্যামেরার ব্যবস্থা রয়েছে কি না ?<br>খ) ক্যামেরার ফুটেজ ন্যূনতম ৩ (তিন) মাস পর্যন্ত সংরক্ষণ করা হয় কি না?<br>গ) শিশু, মহিলা ও পুরুষদের জন্য পৃথক আবাসন/ খাওয়া ও ক্লাস রুমের ব্যবস্থা রয়েছে কি না? | বিঃদ্রঃ একই কেন্দ্রে শিশু, মহিলা ও পুরুষ মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের জন্য প্রযোজ্য। |